



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১২

তারিখ : ২৮ চৈত্র ১৪২৭
১১ এপ্রিল ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

করোনাভাইরাস সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সীমিত পরিসরে ব্যাংকিং সেবা চালু রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ০৪ এপ্রিল ২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১১ এর অনুবৃত্তিক্রমে আগামী ১২ এপ্রিল ২০২১ হতে ১৩ এপ্রিল ২০২১ পর্যন্ত দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচী সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। এক্ষেত্রে লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট ব্যাংক শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনে অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে। উক্ত সার্কুলার লেটার এর অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

মোঃ আনোয়ারুল ইসলাম

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯৩